

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আধাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ২৭/২০২২

তারিখ: ০৮/০৬/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত গণবিজ্ঞপ্তি, তারিখ: ০৬/০৬/২০২২ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।



মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.chc.gov.bd E-mail:customhousectg@gmail.com

নথি নং-এস-০৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৫২২৭৭()কাস

তারিখ: ০৬/০৬/২০২২ খ্রিঃ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর পঞ্চম অধ্যায় এর অনুচ্ছেদ-২৩(১৯) এর বিধান অনুযায়ী “সকল প্রকার খাদ্য ও পানীয় আমদানির ক্ষেত্রে উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ প্রতিটি পাত্র বা কন্টেইনার বা মোড়কের গায়ে সুস্পষ্টভাবে এমবুস থাকিতে হইবে এবং পৃথকভাবে লেবেল ছাপাইয়া তাহা মোড়ক বা পাত্র বা কন্টেইনারের গায়ে লাগানো যাইবে না; তবে শর্ত থাকে যে, মেয়াদোত্তীর্ণ খাদ্যদ্রব্য আমদানি করা যাইবে না” এবং অনুচ্ছেদ-২৩(২২) অনুযায়ী “খাদ্য ও পানীয় প্রস্তুতে ব্যবহার্য কাঁচামালসমূহের মধ্যে যেইগুলি নির্দিষ্ট মেয়াদান্তে ব্যবহার অনুপযোগী হইয়া পড়ে সে সকল পণ্য আমদানির ক্ষেত্রেও উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ পাত্র বা কন্টেইনার বা মোড়কের গায়ে লিখিত বা মুদ্রিত থাকিতে হইবে।”

এতদবিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক অধিদপ্তরের স্মারক নং-২৬.০৩.০০০০.০০৩.৫৮.০০৭.২০.৬০, তারিখ: ০১ অক্টোবর ২০২০ খ্রিঃ এর নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলো। উক্ত স্মারক অনুসারে আমদানি নীতি আদেশ এর বিধান অনুযায়ী খাদ্য ও পানীয় প্রস্তুতে ব্যবহার্য কাঁচামালসমূহের মধ্যে যেগুলো নির্দিষ্ট মেয়াদান্তে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে সে সকল পণ্য আমদানির ক্ষেত্রে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ সহজেই অপসারণযোগ্য লেবেল/স্টিকারে মুদ্রণপূর্বক মোড়ক/বস্তার গায়ে আঠা দিয়ে লাগানো থাকলে সেসব পণ্য খালাসের বিবেচনা করা সমীচীন হবে না মর্মে জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, আমদানি নীতি আদেশের উল্লিখিত শর্ত এবং আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক অধিদপ্তরের উপরোক্ত স্মারক পত্রের নির্দেশনা পরিপালনপূর্বক বর্ণিত পণ্যসমূহ আমদানি করার জন্য সম্মানিত আমদানিকারকগণকে অনুরোধ করা হলো। অন্যথায় The Customs Act, 1969 ও আমদানি নীতি আদেশের আলোকে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে। কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ একটি ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বৈধ আমদানি (Legitimate Trade) ও সং (Trusted) করদাতাদের সার্বিক সহযোগিতা প্রদান করতে সदा প্রস্তুত। বিদ্যমান আইন ও বিধি মোতাবেক যথাযথ পরিমাণ রাজস্ব আদায় ও দ্রুত পণ্যচালান খালাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহায়তা কামনা করা হলো।

স্বাঃ/-

(মোহাম্মদ ফখরুল আলম)

কমিশনার অব কাস্টমস

ফোনঃ ০২৩৩৩৩১৩৯১৮